

# বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট

বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

## প্রেস বিজ্ঞপ্তি

বিআইসিএম রিসার্চ সেমিনার-৫৪ অনুষ্ঠিত

ঢাকা (০৫ এপ্রিল ২০২৬):



বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)-এর রিসার্চ সেমিনার-৫৪ আজ ০৫ এপ্রিল ২০২৬ তারিখ ইন্সটিটিউটের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে “Optimal Exchange-Rate Pass-Through, Network Amplification, and the Cost of Equity in Bangladesh: A Dynamic General-Equilibrium Approach with Machine Learning Validation”- শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিআইসিএম-এর সহকারী অধ্যাপক জনাব সাফায়েদুজ্জামান খান।

ইন্সটিটিউটের নির্বাহী প্রেসিডেন্ট জনাব ওয়াজিদ হাসান শাহ-এর সভাপতিত্ব ও সঞ্চালনায় আয়োজিত উক্ত সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক জনাব মোঃ সারওয়ার হোসাইন ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোঃ দীন ইসলাম। আলোচকগণ রিসার্চ সেমিনারে উপস্থাপনার বিভিন্ন দিক নিয়ে পুঙ্খানুপুঙ্খ আলোচনা করেন।

ইন্সটিটিউটের অভ্যন্তরীণ গবেষকদের গবেষণার উৎকর্ষতা সাধনের লক্ষ্যে বিআইসিএম নিয়মিতভাবে রিসার্চ সেমিনার আয়োজন করে থাকে। এরই অংশ হিসেবে রিসার্চ সেমিনার-৫৪ আয়োজন করা হয়। উক্ত রিসার্চ সেমিনারে ইন্সটিটিউটের সকল অনুযদ সদস্য ও কর্মকর্তাসহ আমন্ত্রিত অতিথিগণ উপস্থিত ছিলেন।

ধন্যবাদান্তে,

(মোহাম্মাদ আব্দুল্লাহিল ওয়ারিশ)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট

ফোনঃ ০১৭১৮-৭৬৯৮১২

ই-মেইলঃ oarish@bicm.ac.bd